

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল- ৪ ও ৫)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
ফ্যাক্স : ৪১০৩০০৪৯, ওয়েবসাইট : www.ntrca.gov.bd
ই-মেইল : ntrca2005@yahoo.com

তারিখ : ১১ জুন ২০১৮

মানসম্মত শিক্ষক নিয়োগের জন্য প্রতিষ্ঠার পর থেকেই বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) নিরলসভাবে শিক্ষার মানোন্নয়নে কাজ করে যাচ্ছে। অদ্যাবধি একটি বিশেষসহ মোট ১৪টি শিক্ষক নিবন্ধন পরীক্ষার মাধ্যমে ৬,০৪,৬২২ জন প্রার্থী নিবন্ধন সনদ অর্জন করেছেন। ২০১৬ সালে সরকারের সিদ্ধান্ত অনুযায়ী প্রথমবারের মত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে এন্ট্রি লেভেলে শিক্ষক নিয়োগের জন্য শিক্ষা প্রতিষ্ঠানসমূহের অনলাইনে প্রদত্ত চাহিদার বিপরীতে নিবন্ধন সনদধারীদের নিকট হতে প্রাপ্ত আবেদনসমূহ অনলাইনে গ্রহণপূর্বক সরকার নির্ধারিত শর্তাবলীর আওতায় মেধার ভিত্তিতে ১২,৬১৯ টি পদে নির্বাচিত শিক্ষক প্রার্থীদের সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োগের জন্য সুপারিশ করা হয়েছে। পরবর্তীতে নিবন্ধন সনদধারীদের দায়েরকৃত রিট মামলার প্রেক্ষিতে সাম্প্রতিক সময়ে অনুষ্ঠিত নিবন্ধন পরীক্ষার চূড়ান্ত ফল প্রকাশ এবং রুটিন নিয়োগ প্রক্রিয়া শুরু করা সম্ভব হচ্ছিল না। সম্প্রতি মাননীয় হাইকোর্ট হতে উক্ত মামলাসমূহের উপর রায় প্রদান করা হয়েছে। এ প্রেক্ষিতে স্বল্পতম সময়ে শিক্ষক নিবন্ধন পরীক্ষার চূড়ান্ত ফল প্রকাশ ও নিয়োগের সুপারিশ করার ক্ষেত্রে উক্ত রায় অনুযায়ী সম্পূর্ণ সততা ও স্বচ্ছতার সাথে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

এমতাবস্থায়, এনটিআরসিএ কর্তৃক পরিচালিত শিক্ষক নিবন্ধন পরীক্ষা ও নিয়োগ প্রক্রিয়া সংক্রান্ত বিষয়ে কোন ধরনের তদবির বা অনৈতিক যোগাযোগ না করার জন্য পুনরায় সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করছি। অতীতের মত এনটিআরসিএ'র প্রতি অবিচল আস্থা ও বিশ্বাস রাখার জন্য আপনাদের সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

(এ.এম.এম আজহার)
চেয়ারম্যান (অতিরিক্ত সচিব)
এনটিআরসিএ, ঢাকা।
ফোন : ০২-৪১০৩০০৪৩